

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, যশোর জেলা এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র  
(Overview of the performance of Fire Service & Civil Defence, Jashore)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা  
সাম্প্রতিক বছরসমূহের -৩ (তিন) বছর প্রধান অর্জনসমূহ :-

দুর্যোগ-দুর্ঘটনার জীবন ও সম্পদ রক্ষার মাধ্যমে নিরাপদ বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে অধিদপ্তরের নির্দেশনায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বৃহত্তর যশোর জেলার কর্মকর্তা/কর্মচারীগণ “দি লাইভ সেভিং ফোর্স” হিসাবে গতি, সেবা ত্যাগের মহিমায় বলিয়ান হয়ে দিন-রাত ২৪ ঘন্টা মানুষের কল্যাণ ও সেবায় নিয়োজিত এবং কর্মের অনুশীলনের মাধ্যমে অগ্নিকান্ডসহ সকল দুর্যোগ মোকাবেলায় সর্ব প্রস্তুত রয়েছে। অত্র জেলায় বর্তমানে ৩ টি ফায়ার স্টেশন চালু রয়েছে এবং ০১টি ফায়ার স্টেশন অতিদ্রুত চালু করা হবে। তাছাড়া মাগুরা জেলায় ৫১ প্রকল্পের আওতায় ০১ টি ফায়ার স্টেশন নির্মাণের জন্য জমির প্রস্তাবনা অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। জনগনের বোরগোড়ায় সেবা পৌছে দেয়ার লক্ষ্যে বিগত ৩ বছরে মাগুরা জেলার ২০২০ সালে ২৩৮ টি ২০২১ সালে ১৮৫ টি ও ২০২২ সালে ১৭৪ টি অগ্নি নির্বাপনের ফলে মোট=১৭,৫৩,৯৭,০০০/-টাকার সম্পদ উদ্ধার করা হয়েছে। অধিদপ্তরের লক্ষ্য বাস্তবায়নে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাগুরা জেলার অপারেশনাল ও প্রশাসনিক কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি পেয়েছে। অধিদপ্তর হতে গাড়ী/পম্প ও সাজ সরঞ্জামাদি সংগ্রহ করা হয়েছে যা দ্বারা অগ্নি নির্বাপণ ও উদ্ধার কার্যক্রমে দক্ষতা বৃদ্ধি পেয়েছে। বিগত ৩ বছরে মাগুরা জেলায় বিভিন্ন কল কারখানা, জুট মিল, জুট গোড়াউনে সংঘটিত অগ্নিকান্ড সফলভাবে মোকাবেলা করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :-

দ্রুত নগরায়নের ফলে জলাশয়গুলো ভরাট হওয়ায় অগ্নি নির্বাপনের ক্ষেত্রে পানির সংকট প্রকট আকার ধারণ করেছে। অপরিকল্পিত নগরায়ন ও শিল্পায়নের ফলে রাস্তাঘাট সংকীর্ণ হওয়ায় গাড়ী চলাচলে অসুবিধা সৃষ্টি হচ্ছে। মাগুরা শহরে ক্রমবর্ধমান হারে বহুতল/বানিজ্যিক ভবন নির্মিত হওয়ায় ফোমটেন্ডার, কেমিক্যাল টেন্ডার বিশেষ পানিবাহী গাড়ীর, ইমাজেস্পী টেন্ডার, পিকআপ গাড়ীসহ পর্যাপ্ত গাড়ী/পাম্প, সাজ সরঞ্জাম ও জনবল সংকটের কারণে অগ্নিকান্ড ও দুর্ঘটনা মোকাবেলায় কাঙ্ক্ষিত সফলতা অর্জন সম্ভব হচ্ছে না। নৌ-দুর্ঘটনা মোকাবেলায় ডুবুরী সংকটের কারণে কাঙ্ক্ষিত সেবা প্রদান সম্ভব হচ্ছে না।

ভবিষ্যৎ পরিকল্পনা :-

উপরে বর্ণিত সমস্যা ও চ্যালেঞ্জসমূহ সমাধান করার লক্ষ্যে অধিদপ্তর কর্তৃক পদক্ষেপ গ্রহণ করা হলে অগ্নিকান্ড, উদ্ধার ও অন্যান্য অপারেশনাল কাজে গতিশীলতা বৃদ্ধি পাবে। বৃহত্তর যশোর জেলায় পর্যায়ক্রমে কর্মকর্তা/কর্মচারীদের সময় উপযোগী বাস্তব সমস্যাসমূহ চিহ্নিত করে তদানুযায়ী সিনারিও তৈরী ও উহার অনুশীলনের মাধ্যমে সমস্যা নিরশনের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ইহা ছাড়াও বহুতল ভবনের অগ্নিকান্ডে করনীয় ও ভবিষ্যৎ আগত সম্ভাব্য দুর্যোগে স্টেশন পর্যায় কর্মচারীদের সমস্যাসমূহ অবহিতকরণ ও এইরূপ পরিস্থিতিতে করনীয় বিষয় স্টাফদের পরামর্শ গ্রহণ ও দিক নির্দেশনামূলক বাস্তব পদক্ষেপ গ্রহণের প্রশিক্ষণ ও অনুশীলনের বাস্তবায়ন সম্পন্ন করা। বিভিন্ন ধরনের কনফাইন্ডমেন্টে উদ্ধার কাজের কলা কৌশলসহ উদ্ধারের বাস্তব প্রশিক্ষণ ও বিভিন্ন প্রকার টেকনিক গ্যাসে আক্রান্ত ও গ্যাস ডিকন্ট্রোলমেন্টের কৌশলগত দিক প্রতিটি স্টেশন পর্যায় আলোচনা বাস্তব অবস্থার কাল্পনিক মহড়া ও বাস্তবভিত্তিক করনীয় বিষয়ের উপর বাস্তবায়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। প্রতিটি দুর্ঘটনার পর স্টেশনে এসে ডিবিফিং এর মাধ্যমে ভুলক্রটি নির্ধারণ ও করনীয় বিষয় মতামত গ্রহণ ও বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

২০২০-২০২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- অগ্নিকান্ডসহ যে কোন দুর্ঘটনায় ১০০ ভাগ সাড়া প্রদান করা হবে;
- দুর্ঘটনায় আক্রান্তদের ১০০ ভাগ উদ্ধারপূর্বক চিকিৎসালয়ে স্থানান্তর করা হবে;
- মাগুরা জেলায় আগত ভিডিআইপি/ভিআইপি-গণের অগ্নি নিরাপত্তা প্রদান কার্যক্রম পরিচালনা করা হবে;
- ৯৩ টি অগ্নি নির্বাপণ, উদ্ধার ও প্রাথমিক চিকিৎসার মহড়া পরিচালনা করা হবে;
- অগ্নিনিরাপত্তা নিশ্চিতকল্পে ৫৬টি বিভিন্ন শিল্পসহ অন্যান্য প্রতিষ্ঠান পরিদর্শন করা হবে;
- অগ্নি নির্বাপনী মৌলিক প্রশিক্ষণের মাধ্যমে ৬৯৫ জনকে প্রশিক্ষিত করা হবে;
- জনসচেতনতা বৃদ্ধিকল্পে ১২৭ টি টপোগ্রাফি ও গণসংযোগ পরিচালনা করা হবে;
- সক্ষমতা বৃদ্ধিকরণে ২০ জন জনবলকে বিশেষ প্রশিক্ষণ প্রদান করা হবে;